কুষ্টিয়ার ভেড়ামারায় আগুনে পুড়লো শতশত বিঘা পানবরজ

কুষ্টিয়ার ভেড়ামারায় আগুনে পুড়ে ছাই হয়ে গেছে কয়েকটি গ্রামের শতশত বিঘার পানের বরজ। আজ রবিবার দুপুরে উপজেলার রায়টা পাথরঘাটা গ্রামে ভয়াবহ এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ভেড়ামারা ও মিরপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

গোসাইপাড়া এলাকার বয়ষ্ক আবদুল লতিফ বলেন, দুপুর দেড়টার দিকে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ১০ মিনিটের মধ্যে পুরো মাঠে আগুন ছড়িয়ে পড়ে। মুহুর্তেই কয়েকশো বিঘার ওপরে পানের বরজ পুড়ে গেছে। সব পানের বরজ পুড়ে গেছে। কোটি টাকার ক্ষতি হয়েছে বলেও জানান তিনি। তবে এখনও আগুন নিয়ন্ত্রণে আনতে পারেনি।

ক্ষতিগ্রস্ত কৃষকরা বলেন, হঠাৎ পানের বরজে আগুন দেখতে পাই আমরা। কিছুক্ষণের মধ্যে আগুন পার্শ্ববর্তী ক্ষেতগুলোতেও ছড়িয়ে পড়ে। ১০০ বিঘা পানের বরজ পুড়ে ছাই হয়ে গেছে। আগুনের লেলিহান শিখা দাউদাউ করে জ্বলছে। পানবরজ পুড়ে আশেপাশের বসতবাড়ীতেও জ্বলছে এ আগুন।

ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক রফিকুজ্জামান বলেন, আগুন নিয়ন্ত্রণে ভেড়ামারা, কুষ্টিয়া, কুমারখালী, মিরপুর, ঈশ্বরদী, মেহেরপুর ও চুয়াডাঙ্গা থেকে ফায়ার সার্ভিসের টিম কাজ করেছে। আগুন দুই কিলোমিটার ছড়িয়ে পড়ে। দাউদাউ করে জ্বলে ওঠো।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক জানে আলম জানান, দুপুরে রায়টা পাথরঘাট মাঠের একটি পানের বরজে আগুন লাগে। পরে পাশের বরজেও আগুন ছড়িয়ে পড়ে। এভাবে পুরো মাঠে আগুন ছড়িয়ে পড়ে। তবে ওই এলাকায় পানি না থাকায় আমাদের রিজার্ভ পানি দিয়ে আগুন নেভানোর চেষ্টা করছিলাম। এছাড়া প্রচণ্ড বাতাসের কারণে আগুন নেভাতে বেগ পেতে হয়েছে। আগুন এখন নিয়ন্ত্রণে রয়েছে।

বাহাদুরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল রানা জানান, রায়টা থেকে শুরু করে রায়টা, মাধবপুর ও গোসাইপাড়া এলাকার কয়েকশত বিঘা পানের বরজ পুড়ে ছাই হয়ে গেছে। আগুনে কয়েক কোটি টাকার ক্ষয়ক্ষতির আশঙ্কা করছি।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন কুষ্টিয়া ২ আসনের সংসদ সদস্য কামারুল আরেফিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও আকাশ কুমার কুন্ডু।